সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৬৬

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত সংক্ষিপ্তভাবে বর্ণিত হয়েছে; বিস্তারিত বর্ণিত হয়নি

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ أَلْفَاظَ خَبَرِ ابْنِ عُمَرَ الَّذِي ذَكَرْنَاهُ أُدِّيَتْ عَلَى الْإِجْمَالِ لَا عَلَى الِاسْتِقْصَاءِ فِي التَّفْسِيرِ

আরবী

3166 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: سَمِعْتُ مُحَمَّدَ بْنِ إِسْحَاقَ يَقُولُ: حَدَّثَنِي الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ ابْنِ عباس قال: سمعت عمر بن الخطاب يَقُولُ: لَمَّا تُوُفِّيَ عَبْدُ اللَّهِ بْنُ أُبَيٍّ أَتَى ابْنُهُ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أُبَيِّ ابْنِ سَلُولٍ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ هَذَا عَبْدُ اللَّهِ بْنُ أُبَيٍّ قَدْ وَضَعْنَاهُ فصلِّ عَلَيْهِ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا قَامَ يُصلي عَلَيْهِ قُمتُ فِي صَدْرِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: يَا نَبِيَّ اللَّهِ أَتُصلِّي عَلَى عَدُوِّ اللَّهِ الْقَائِلِ يَوْمَ كَذَا: كَذَا وَكَذَا وَالْقَائِلِ يَوْمَ كَذَا: كَذَا وَكَذَا أُعَدِّدُ أَيَّامَهُ الْخَبِيثَةَ فَتَبَسَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فقال: عني يا عمر حتى إِذَا أَكْثَرْتُ قَالَ: عَنِّي يَا عُمَرُ فَإِنِّي قَدْ خُيِّرتُ فَاخْتَرْتُ إِنَّ اللَّهَ يَقُولُ: {اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ} [التوبة: 80] وَلَوْ أَعْلَمُ أَنِّي زِدتُ عَلَى السَّبْعِينَ غُفر لَهُ لَزِدْتُ قَالَ عُمَرُ: فَعَجَبًا لِجُرْأَتِي عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ فَلَمَّا قَالَ لِي ذَلِكَ انْصرَفْتُ عَنْهُ فَصَلَّى عَلَيْهِ ثُمَّ مَشَى مَعَهُ فَقَامَ عَلَى حفرته حتى دُفن ثم انصرف فو الله مَا لَبِثَ إِلَّا يَسِيرًا حَتَّى أَنْزَلَ اللَّهُ جَلَّ وَعَلَا: {وَلَا تُصَلِّ عَلَى أَحدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلَا تَقُمْ عَلَى قَبْرِهِ} [التوبة: 84] فَمَا صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مُنَافِقٍ بَعْدَ ذَلِكَ وَلَا قَامَ على قبره.

الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3166 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الأحكام)) (ص 121): ق.

বাংলা

৩১৬৬. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি উমার রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যখন আব্দুল্লাহ বিন উবাই বিন সালূল মারা যায়, তখন তার ছেলে আব্দুল্লাহ বিন আব্দুল্লাহ বিন উবাই বিন সালূল রাদ্বিয়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, এই তো আব্দুল্লাহ বিন উবাই বিন সালূল, আমরা তাকে প্রস্তুত করে রেখেছি, কাজেই আপনি তার জানাযার সালাত আদায় করুন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সালাতে দাঁড়ান। যখন তিনি সালাতে দাঁড়ান, তখন আমি তাঁর সামনে দাঁড়াই এবং বলি, “হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি আল্লাহর শত্রুর জানাযার সালাত আদায় করবেন, অথচ সে ওমুক ওমুক এই এই বলেছেন? আমি তার মন্দ কর্মের দিনগুলো গুণে গুণে বলি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুচকি হাঁসলেন, তিনি আমাকে বললেন, “উমার, আপনি আমার থেকে দূরে সরুন।” যখন আমি বারবার এমনটা বলতে থাকি, তখন তিনি বলেন, “উমার, আপনি আমার থেকে দূরে সরুন।” কেননা নিশ্চয়ই আমাকে ইখতিয়ার দেওয়া হয়েছে। অতঃপর আমি (তার জানাযা পড়ানোর সিদ্ধান্ত) বেছে নিয়েছি। নিশ্চয়ই আল্লাহ বলেছেন, اسْتَغْفِرْ لَهُمْ أَوْ لَا تَسْتَغْفِرْ لَهُمْ (আপনি তাদের জন্য ক্ষমা প্রার্থনা করুন অথবা ক্ষমা প্রার্থনা না করুন...। সূরা তাওবাহ: ৮০)।” যদি আমি জানতাম যে, সত্তর বারের অধিক তার জন্য ক্ষমা প্রার্থনা করলে, তাকে ক্ষমা করা হবে, তবে অবশ্যই তার জন্য সত্তর বারের অধিক তার জন্য ক্ষমা প্রার্থনা করতাম।”

উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে আমার দুঃসাহসের কথা ভাবলে বড়ই অবাক লাগে। আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সর্বাধিক জ্ঞাত।

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন আমাকে এরকম বলেন, তখন আমি তাঁর থেকে সরে যাই। অতঃপর তিনি তার জানাযার সালাত আদায় করেন। তারপর তিনি খাটিয়ার সাথে হেঁটে যান। তিনি তার দাফন করা পর্যন্ত কবরের উপর দাঁড়িয়ে থাকেন। তারপর চলে আসেন। আল্লাহর কসম, অল্প কিছুক্ষন দেরি করতে না করতেই আয়াত নাযিল হলো, وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أبداً ولا تقم على قَبْرِهِ (তাদের কেউ মারা গেলে, আপনি কখনই তাদের জানাযার সালাত আদায় করবেন না এবং তার কবরের উপর দাঁড়াবেন না।–সূরা তাওবাহ: ৮৪)।”

এরপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন মুনাফিক মারা গেলে তার জানাযার সালাত আদায় করতেন না এবং তার কবরের উপর দাঁড়াতেন না।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ২/১৮; সহীহ মুসলিম: ২৭৭৪; নাসাঈ: ৪/৩৬; তিরমিযী: ৩০৯৮; ইবনু মাজাহ: ১৫২৩; তাবারানী: ১৭০৫১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92496

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন